গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
জাহাজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয় : জাতিসংঘের বিশেষায়িত সংস্থা International Maritime Organization (IMO) এর মহাসচিব পদে নির্বাচনে বাংলাদেশের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ এর প্রতিদ্বন্দ্বীতা এবং নির্বাচন সংশ্লিষ্ট কর্ম পরিকল্পনা গ্রহণ বিষয়ে সচিব, নৌপরিবহন মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ মোস্তফা কামাল<br>সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়। |
| তারিখ | : | ৩১-০৮-২০২২ খ্রি.। |
| সময় | : | সকাল ১০.০০ টা |
| স্থান | : | নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম জুম অ্যাপ। |

সভায় উপস্থিত সংযুক্ত কর্মকর্তা/প্রতিনিধিবৃন্দের তালিকা পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য।

সরাসরি এবং ভার্চুয়ালি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জানান যে, IMO জাতিসংঘের একটি বিশেষায়িত সংস্থা যা সমুদ্র পথে পণ্য ও জাহাজ চলাচলের ক্ষেত্রে নিয়ন্ত্রক (Regulatory) ভূমিকা পালন করে থাকে। সংস্থাটির সদর দপ্তর লন্ডনে অবস্থিত। বাংলাদেশ ১৯৭৬ সালে সংস্থাটির সদস্যপদ লাভ করে। সদস্যপদ গ্রহণের পর থেকে বাংলাদেশ IMO তে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বাংলাদেশ IMO এর ৪০ সদস্য বিশিষ্ট কাউন্সিলের সদস্য হিসেবেও বিভিন্ন মেয়াদে দায়িত্ব পালন করেছে। মূলত ২০২৩ সালের জুলাই মাসে অনুষ্ঠিতব্য IMO এর মহাসচিব পদে নির্বাচনে বাংলাদেশের প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ এর প্রতিদ্বন্দ্বীতা এবং নির্বাচন সংশ্লিষ্ট কর্ম পরিকল্পনা গ্রহণ বিষয়ে আজকের এই সভা আয়োজন করা হয়েছে।

সভাপতি এ পর্যায়ে সভার আলোচ্যসূচি উপস্থাপনার জন্য অনুরোধ করেন এবং যুগ্মসচিব জনাব এ.টি. এম মোনেমুল হক সভার কার্যপত্র উপস্থাপন করেন। পরবর্তীতে উপস্থাপিত আলোচ্যসূচির সাথে সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে সভার সদস্যগণের মতামত আহ্বান করে সভাপতি নির্বাচনে প্রতিদ্বন্দিতাকারী প্রার্থী ক্যাপ্টেন মঈন উদ্দীন আহমেদ এর জীবন বৃত্তান্ত উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন এবং নৌপরিবহন অধিদপ্তরের চিফ নটিক্যাল সার্ভেয়ার এন্ড এক্সামিনার ক্যাপ্টেন সাইদ আহমেদ তা সভাকে অবহিত করেন। এ পর্যায়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) মিসেস লায়লা জেসমিন সভায় উল্লেখ করেন যে, প্রার্থীর জীবন বৃত্তান্ত, তাঁর ভূমিকা এবং নির্বাচনী মেনিফেস্টো প্রস্তুত করে প্রচারের ব্যবস্থা করা হলে প্রচারনা কার্যক্রমে ভালো ফলাফল লাভ করা যেতে পারে।

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এম শাহজাহান, এনপিপি, বিসিজিএমএস, এনডিসি, পিএসসি, উল্লেখ করেন যে, সাফল্য অর্জনের জন্য আমাদের IMO মহাসচিব পদে আগামী নির্বাচনের প্রচার-প্রচারণার কাজ এখন থেকেই শুরু করতে হবে। নির্বাচনে পরাজয়ের অন্যতম কারণ সঠিক লিয়াঁজোর অভাব মর্মে তিনি মত প্রকাশ করেন। এক্ষেত্রে সম্প্রতি নৌপরিবহন মন্ত্রণালয় হতে লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসে মেরিটাইম কাউন্সিলর হিসেবে পদায়িত ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীমের ভূমিকার প্রতি তিনি গুরুত্বারোপ করেন। মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ রক্ষা করে এখন থেকেই তিনি প্রচার-প্রচারণার কাজ চালিয়ে যেতে পারেন বিধায় চেয়ারম্যান, চবক ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীমকে ৪০টি সদস্য রাষ্ট্রের প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে প্রচারণার অনুরোধ জানান এবং এক্ষেত্রে লন্ডনে অবস্থিত বাংলাদেশ হাইকমিশনের জোর তৎপরতারও আশাবাদ ব্যক্ত করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

যুগ্মসচিব জনাব এ. টি. এম মোনেমুল হক সভায় উল্লেখ করেন যে, IMO একটি গুরুত্বপূর্ণ সংস্থা। আইএমও'র সদস্য রাষ্ট্র হিসেবে ৪০টি দেশের সাথে লিয়াঁজো কার্যক্রমসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে Support Exchange Programme শুরু থেকেই গ্রহণ করা যেতে পারে মর্মে উল্লেখপূর্বক তিনি এ ব্যাপারে পররাষ্ট্র মন্ত্রণালয়ের জাতিসংঘ (UN) অনুবিভাগের ভূমিকার গুরুত্ব সভাকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, পাশাপাশি সদস্য দেশগুলোতে মাননীয় নৌপরিবহন মন্ত্রী/প্রতিমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র মন্ত্রী পর্যায়ে পত্র প্রেরণ করা যায়। যুগ্মসচিব (জাহাজ ও আইও) অতিসত্বর পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ সংক্রান্ত একটি সভা আয়োজনের প্রয়োজনীয়তা ব্যক্ত করেন।

নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক সভায় জানান যে, আগামী IMO নির্বাচনে নৌপরিবহন অধিদপ্তর হতে প্রয়োজনীয় সকল সহযোগিতা প্রদান করা হবে। তিনি সভায় লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর মেরিটাইম এফেয়ার্স ক্যাপ্টেন কাজী এ.বি. এম শামীমকে নির্বাচন সংশ্লিষ্ট বিভিন্ন প্রয়োজনীয় তথ্যাদি নৌপরিবহন অধিদপ্তরকে প্রদানের জন্য অনুরোধ করেন। এছাড়া, মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর সংশ্লিষ্ট দেশের ফোকাল পয়েন্টদের উপানুষ্ঠানিক পত্র প্রেরণের বিষয়ে গুরুত্বারোপ করেন।

মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা, ওএসপি, এনপিপি, আরসিডিএস, এএফডব্লিউসি, পিএসসি, পিএইচডি সভায় জানান যে, আগামী আইএমও নির্বাচনে লবিং, প্রচার-প্রচারণার উপর এখনি সক্রিয় হতে হবে। এছাড়াও, সংশ্লিষ্ট প্রচার মাধ্যম, পত্র/পত্রিকা ও মেরিটাইম সংশ্লিষ্ট মিডিয়াগুলোতে এ সংক্রান্ত প্রচার প্রচারণা থাকা উচিৎ।

পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি সভায় জানান যে, প্রতিটি রাষ্ট্রের নিজস্ব কৌশলগত কর্মপরিকল্পনা থাকে। তিনি প্রকৃতপক্ষে ৪০টি সদস্য রাষ্ট্রের নিকট ভোট চাওয়ার ব্যাপারে এখনি কৌশলগত কর্মপরিকল্পনা প্রস্তুত করে পদক্ষেপ নেওয়ার ব্যাপারে মতামত ব্যক্ত করেন। তিনি জানান, আগামী আইএমও নির্বাচন বাংলাদেশ রাষ্ট্রের পক্ষে নির্বাচন, সেহেতু পররাষ্ট্র মন্ত্রণালয় হতে যা যা সহযোগীতা করা প্রয়োজন তা সবই করবে। তিনি জানান যে, এই নির্বাচনের ব্যাপারে তিনি তাঁর মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনা করবেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :-

১। আইএমও মহাসচিব নির্বাচন উপলক্ষে কৌশলগত কর্মপরিকল্পনা নির্ধারণের বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় ও সংযুক্ত দপ্তর পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে একযোগে কাজ করবে।

২। আগামী IMO নির্বাচন সংক্রান্ত বিষয়ে নৌপরিবহন অধিদপ্তর খসড়া কর্মপরিকল্পনা গ্রহণ করবে। উক্ত কর্মপরিকল্পনা সংশ্লিষ্ট পক্ষকে অবহিত করবে।

৩। IMO নির্বাচন সংক্রান্ত বিষয়ে এ মন্ত্রণালয় সম্পর্কিত সার্বিক যোগাযোগ ও সমন্বয়ক হিসেবে নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষে যুগ্মসচিব (জাহাজ) ফোকাল পয়েন্ট এর দায়িত্ব পালন করবেন।

৪। নির্বাচন সংক্রান্ত এ মন্ত্রণালয়ের সাথে যুক্ত বিভিন্ন প্রকার কার্যক্রম নৌপরিবহন অধিদপ্তর হতে পরিচালনা করা হবে।

৫। লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর (মেরিটাইম এফেয়ার্স) ক্যাপ্টেন কাজী এবিএম শামীম নির্বাচন সংক্রান্ত সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করবেন ও প্রয়োজনীয় বাজেট প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(অঃ পৃঃ দ্রঃ)

৬। লন্ডনস্থ বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর (মেরিটাইম এফেয়ার্স) এবং নৌপরিবহন অধিদপ্তর বাংলাদেশী প্রার্থীর প্রোফাইল, আই.এম.ও-তে তাঁর ভূমিকা, নির্বাচনী ঘোষণাপত্র প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন এবং বিভিন্ন ফোরামে প্রচারণার উদ্যোগ নেবেন এবং মেরিটাইম সংশ্লিষ্ট জনপ্রিয় মিডিয়ায় প্রচারের উদ্যোগ নেবেন।

৭। পররাষ্ট্র মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় দূতাবাসে প্রচারণা সংক্রান্ত অনুষ্ঠান আয়োজন করা হবে। যেখানে মেরিটাইম মিডিয়া পার্সনকে আমন্ত্রণ জানানো হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ:-১৩-০৯-২০২২

(মোঃ মোস্তফা কামাল)
সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়।

নং-১৮.০০.০০০০.০২৪.১৬.০০২.১৯- ২২৪ তারিখ: ১৪-০৯-২০২২।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, বন্দর, চট্টগ্রাম-৪১০০।
৩। চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, মোংলা, বাগেরহাট।
৪। চেয়ারম্যান, পায়রা বন্দর কর্তৃপক্ষ, পায়রা, কলাপাড়া, পটুয়াখালী।
৫। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, বিআইডব্লিউটিএ ভবন, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
৬। উপসচিব (আই.ও), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৭। কাউন্সিলর (মেরিটাইম এফেয়ার্স), বাংলাদেশ দূতাবাস, লন্ডন, যুক্তরাজ্য।

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৪। অতিরিক্ত সচিব (সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (জাহাজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।

১৪/৯/২২

(মোঃ আলমগীর কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৮০৭৮৬।